


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd




নথি নং-০৩.০৭.০০০০. ৬৬১. ৬৩. ০০৫.১৯-৮৫

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

বিষয়ঃ ত্রাণ কর্মসূচীর আওতায় বিতরণযোগ্য খাদ্য তালিকায় “আলু” অন্তর্ভুক্তকরণ।
সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৭৮.২৫.০২১.১৭-১২৬, তারিখঃ ১৯ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলু চাষে কৃষকদের আগ্রহ সৃষ্টি ও চাষাবাদ পদ্ধতি সংস্কারের ফলে দেশে আলু উৎপাদন উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)-এর তথ্যানুযায়ী ২০২০-২১ অর্থ বছরে আলু উৎপাদনের পরিমাণ ছিল ১১৩.৭১ লক্ষ মে.টন। বর্তমানে আলুর পর্যাপ্ত মজুদ বিদ্যমান। আলু এমনই একটি পঁচনশীল কৃষিপণ্য যা কৃষকের গুদামে দীর্ঘদিন মজুদ রাখা যায় না। ভাড়ার বিনিময়ে কোল্ডস্টোরেজে সংরক্ষণ করতে হয়। এ প্রেক্ষাপটে উৎপাদন খরচের সাথে কোল্ডস্টোরের ভাড়া যুক্ত হয়ে আলুর উৎপাদন খরচ নির্ধারিত হয়। কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত করতে উৎপাদিত আলুর যথাযথ ও বহুমুখী ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। আলুতে পর্যাপ্ত কার্বোহাইড্রেড রয়েছে যা ভাত বা রুটির বিকল্প বা পরিপূরক হিসেবে খাওয়া যেতে পারে। উল্লেখ্য, এনজিওসমূহ কর্তৃক গৃহীত ত্রাণ প্রকল্পের আওতায় বিভিন্ন খাদ্যসামগ্রী বিতরণ করা হয়ে থাকে। এ সকল কর্মসূচীর আওতায় বিতরণযোগ্য খাদ্য সামগ্রীর তালিকায় “আলু” অন্তর্ভুক্ত করার জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে কৃষি মন্ত্রণালয় হতে পরামর্শ প্রদান করা হয়েছে। এতে ভোক্তা পর্যায়ে আলুর চাহিদা পূরণপূর্বক কৃষকদের উৎপাদিত পণ্যের যথাযথ মূল্য প্রাপ্তি নিশ্চিত করা সম্ভব হবে মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিতাবস্থায়, এনজিওসমূহ কর্তৃক গৃহীতব্য ত্রাণ প্রকল্পের আওতায় বিতরণযোগ্য খাদ্য তালিকার মধ্যে “আলু” অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


তেজন কুমার বিশ্বাস)
পরিচালক(প্রকল্প-১)
ই-মেইলঃ dir1@ngoab.gov.bd

নির্বাহী পরিচালক/কান্ট্রি ডিরেক্টর
সংগঠিত প্রকল্প প্রকল্প
.....
.....

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ

- ০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। অফিস কপি।